রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৭ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৫, ২০১৭

## সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪০৩—৪০৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০০৭—১০৩৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৩—১৩৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৩৯—৭৫৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**সঞ্চয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৪/১১ মে ২০১৭

**নং ০৮.০০.০০০০.০৪১.২৩.০২৮.০৩(অংশ).১৬২**—The U.S. Dollar Investment Bond Rules, 2002 এর বিধি-১৪ তে বর্ণিত বিধান প্রতিপালন করায় নিম্নোক্ত ১ (এক) জন বিনিয়োগকারীর সিআইপি (বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি) কার্ডের মেয়াদ ২০১৭ সালের জন্য নবায়ন করা হলো :

| ক্র. নং | বিনিয়োগকারীর নাম | ঠিকানা | | প্রকল্পের নাম |
|---|---|---|---|---|
| | | দেশীয় | বৈদেশিক | |
| ১. | জনাব লুৎফে সিদ্দিকী | আশা কনকর্ড, ফ্লাড নং-৩/বি, বাড়ি নং-৭, রোড নং-৫১, গুলশান-২, ঢাকা। | ৭৮ ক্রিসেন্ট ওয়েস্ট, লন্ডন ইবি-৪ ওইজি, যুক্তরাজ্য। | ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড। |

২। উল্লিখিত বিনিয়োগকারী The U.S. Dollar Investment Bond Rules, 2002 এর বিধি-১৪ তে বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে বিধি মোতাবেক সিআইপি সুবিধা ভোগ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল জব্বার**
সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ: ১৭ এপ্রিল ২০১৭

**নং আর-৬/৭এন-১৪/২০১৭-২০৩**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোসাম্মৎ রেহানা আক্তার, পিতা-মরহুম ইব্রাহীম ভূঁইয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

**আদেশাবলী**

তারিখ: ১৯ এপ্রিল ২০১৭

**নং আর-৬/৭এন-১১/২০১৭-২০৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে রংপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মেরাজুল ইসলাম, পিতা-জনাব নজরুল ইসলাম মাসুম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১০/২০১৭-২০৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ রুহুল আমিন, পিতা-জনাব আহম্মদ হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবার রহমান সরকার**
উপসচিব (প্রশাসন-২)।

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ মে ২০১৭

**নং আর-৬/১এম-০৮/২০১৭-১১৮**—সরকার রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ সনের ৭৮ ধারা এবং জেনারেল ক্লজেস্ এ্যাক্ট, ১৮৯৭ এর ২১ ধারা মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সম্পত্তি সরকারের অনুকূলে হস্তান্তরের জন্য সম্পাদিত দানপত্র দলিলের নির্ধারিত রেজিস্ট্রেশন ফিস মওকুফ করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হুসাইন মুহাম্মদ ফজলুল বারী**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-২ অধিশাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৪/০৮ মে ২০১৭

**নং ২৫.০৪.০০০০.০১৪.০৬.০০৮.৯৫(অংশ)-২৯৮**— হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর গভর্ণিং কাউন্সিলের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সালের অধ্যাদেশ নং ৪৯) এর ৬ নং ধারার ১ নং উপ-ধারা অনুযায়ী সরকার কর্তৃক নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিটের গভর্ণিং কাউন্সিল পুনঃগঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | পদাধিকারবলে | চেয়ারম্যান |
| ২. | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | পদাধিকারবলে | ভাইস, চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| ৩. | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | পদাধিকারবলে | সদস্য |
| ৪. | চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | পদাধিকারবলে | সদস্য |
| ৫. | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | পদাধিকারবলে | সদস্য |
| ৬. | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর | পদাধিকারবলে | সদস্য |
| ৭. | জনাব মোঃ সামছুল করিম ভূঁইয়া, বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা | পরিকল্পনা কমিশনের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৮. | অধ্যাপক ড. নাসরীন আহমাদ, মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয় | ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৯. | অধ্যাপক ড. মোঃ শাকিল আখতার, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১০. | অধ্যাপক ডঃ আ.ফ.ম সাইফুল আমিন, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১১. | ড. মোঃ নজরুল ইসলাম (৫৯২৫), উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অর্থ মন্ত্রণালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১২. | জনাব সেলিম আক্তার খান, পরিচালক ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ব্যবস্থাপনা পরিচালক, এসেট ডেভেলপমেন্টস এন্ড হোল্ডিং লিমিডেট এভিনিউ এসেট, ৯১ গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা-১২১২ | ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১৩. | প্রকৌশল মোঃ কবির আহমেদ ভূঞা, এফ-২৭০০ প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি), সদর দফতর, রমনা, ঢাকা-১০০০ | ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১৪. | প্রকৌঃ মাহবুবুর রহমান, পরিচালক, ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড, ৪৭, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২ | প্র্যাকটিসিং কনসালটিং ইঞ্জিনিয়ার ইন বিল্ডিং ডিজাইন এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১৫. | প্রকৌশলী আফতাবউদ্দিন আহমেদ, প্রাক্তন সভাপতি (বিএসিআই) বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (বিএসিআই) নাহার গ্রীন সমিতি (৪র্থ তলা), বাড়ী নং-৪৩ রোড নং-১৬ (পুরাতন-২৭), ধানমন্ডি, ঢাকা-১২০৯ | বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (বিসিসিআই) এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১৬. | প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা | প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ১৭. | প্রজেক্ট অফিসার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা | ঐ | সদস্য |
| ১৮. | পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা | পদাধিকারবলে | সদস্য-সচিব |

২। এতদ্বারা এ মন্ত্রণালয়ের গত ২৬-০২-২০১৭ তারিখের ১২৮ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তি বাতিল করা হলো।

৩। পুনঃগঠিত গভর্ণিং কাউন্সিলের মেয়াদ দু'বছর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফাহিমুল ইসলাম**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৪/১৪ মে ২০১৭

**নং ৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৯.১২-৯৭**—যেহেতু, জনাব মোঃ শরীফ হাসান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গোপালগঞ্জ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৫-১১-২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৯/২০১২-৪৯৫ নম্বর প্রজ্ঞাপন মূলে চাকরি হতে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত আদেশের বিরুদ্ধে তিনি এটি ৭৪/২০১৩ মামলা রুজু করেন এবং উক্ত মামলায় বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক মন্ত্রণালয়ের ০৫-১১-২০১২ তারিখে প্রদত্ত শাস্তি হ্রাস করে বাধ্যতামূলক অবসর প্রদানের রায় প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত রায়ের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে এএটি-৬৪/২০১৫ আপিল দায়ের করেন এবং বিজ্ঞ আপিল ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত ১৪-০২-২০১৬ তারিখের রায়ে তাকে চাকরিতে পুনর্বহাল করে তার অনুপস্থিতকালীন প্রাপ্য বকেয়া বেতন ও ভাতাদি পরিশোধের আদেশ প্রদান করা হয়;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের প্রদত্ত রায় অনুযায়ী জনাব মোঃ শরীফ হাসান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গোপালগঞ্জ (বর্তমানে বরখাস্তকৃত)-কে চাকরিতে পুনর্বাহল করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১২ বৈশাখ ১৪২৪/২৫ এপ্রিল ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৭-১৮৭**—গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ থানার মামলা নং-০৭, তারিখ ০৫-০৫-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)এর (ঈ)/৯(৩)/১০/১২/১৩। গত ১৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখ রাত্র অনুমান ২৩.৩০ ঘটিকার সময় সুন্দরগঞ্জ থানাধীন গোপালচরণ মৌজাস্থ মোঃ ফুল মিয়া @ ফুলু মিয়া এর ছাপড়া ঘর ঘেরাও করে জঙ্গী সন্ত্রাসী মোঃ শরিফুল ইসলাম (২০), পিতা-মোঃ ফুল মিয়া @ ফুলু মিয়াকে গ্রেফতার করা হয় এবং উক্ত ঘরের বালিশের নিচ হইতে ৫টি বিভিন্ন ধরনের ইসলামী জিহাদী বই জব্দ করা হয়। জব্দকৃত মালামাল পরিক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীগণ রাষ্ট্রের বিরুদ্ধে নাশকতা সৃষ্টির মাধ্যমে জনমনে আতংক সৃষ্টি এবং ব্যক্তি বা রাষ্ট্রের সম্পত্তির ক্ষতি সাধন করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধ আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ১১ বৈশাখ, ১৪২৪/২৪ এপ্রিল, ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৭-১৯১**—খুলনা জেলার কয়রা থানার মামলা নং-১৫, তারিখ-১৩-০৭-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(১)(খ)/৯(১)/১০/১৪। গত ১২-০৭-২০১৬ খ্রিঃ তারিখ খুলনা জেলার দক্ষিণ বেদকাশি গ্রামস্থ জনৈক ইদ্রিস আলীর বাড়ীতে একদল সন্ত্রাসী সরকার বিরোধী বৈঠক করছে। উক্ত সদস্যরা পুলিশের উপস্থিতি টের পেয়ে ঘর হতে পালানোর সময় মোঃ আলমগীর হোসেন @ জুবায়ের পিতা-মোঃ আনসার আলী শেখসহ ৪ জনকে গ্রেফতার করে এবং অন্যরা পালিয়ে যায়। তাদের নিকট হতে কার্তুজসহ ০১টি সাটার গান, বোমা, বই ও মোবাইল জব্দ তালিকা মূলে জব্দ করে। জব্দকৃত মালামাল পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা তাদের মোবাইলে বিভিন্ন জিহাদী বই, সরকার বিরোধী বিভিন্ন বক্তব্য, আল আনসার জঙ্গী সংগঠন এবং লাদেনসহ অন্যান্য জিহাদী নেতাদের ছবি, ব্লগার হত্যার ছবি রাখার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

তারিখ: ১৩ বৈশাখ, ১৪২৪/২৬ এপ্রিল, ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-১৯৭**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ মডেল থানার মামলা নং-১৫(০১)২০১৩, তারিখ-১৮-০১-২০১৩ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২ ও সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১২/১৩। গত ১৮-০১-২০১৩ খ্রিঃ তারিখে আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর সদস্য হইয়া অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, অপরাধ সংগঠনের চেষ্টা, সন্ত্রাসী কর্মকান্ড প্রচারিত ও প্রসারিত করিবার উদ্দেশ্যে সরকারকে উৎখাতসহ দেশের নিরাপত্তা বিঘ্ন করার জন্য বিভিন্ন ধরনের বিভ্রান্তিমূলক, উস্কানিমূলক, বিদ্বেষমূলক তথ্য বক্তব্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট, মুদ্রণ, প্রচার করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-১৯৮**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ মডেল থানার মামলা নং-০৬(০৫)২০১৩, তারিখ-১২-০৫-২০১৩ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯/১০/১২/১৩। গত ১২-০৫-২০১৩ খ্রিঃ তারিখে আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর সদস্য হইয়া অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, অপরাধ সংগঠনের চেষ্টা, সন্ত্রাসী কর্মকান্ড প্রচারিত ও প্রসারিত করিবার উদ্দেশ্যে সরকারকে উৎখাতসহ দেশের নিরাপত্তা বিঘ্ন করার জন্য বিভিন্ন ধরনের বিভ্রান্তিমূলক, উস্কানিমূলক, বিদ্বেষমূলক তথ্য বক্তব্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট, মুদ্রণ, প্রচার করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-১৯৯**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ মডেল থানার মামলা নং-০৬(১১)২০১০, তারিখ-১৫-১১-২০১০ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯/১০/১১। গত ১৫-১১-২০১০ খ্রিঃ তারিখে আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর সদস্য হইয়া অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, অপরাধ সংগঠনের চেষ্টা, সন্ত্রাসী কর্মকান্ড প্রচারিত ও প্রসারিত করিবার উদ্দেশ্যে সরকারকে উৎখাতসহ দেশের নিরাপত্তা বিঘ্ন করার জন্য বিভিন্ন ধরনের বিভ্রান্তিমূলক, উস্কানিমূলক, বিদ্বেষমূলক তথ্য বক্তব্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট, মুদ্রণ, প্রচার করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০০**—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-১১(০১)২০১৪, তারিখ-০৭-০১-২০১৪ খ্রিঃ ধারা-১৪৭/১৪৮/১৪৯/১৮৬/৩৫৩/৩৩২/৩০৭/৪২৭/৩৪ দঃ বিঃ। গত ০৭-০১-২০১৪ খ্রিঃ তারিখে আসামীরা জননিরাপত্তা বিপন্ন করার জন্য হরতালের নামে দাঁঙ্গা-হাঙ্গামা সৃষ্টি, রাস্তায় যান চলাচলে বাধাদান, চলাচলরত যানবাহনে ভাংচুর করিয়া ব্যাপক ক্ষতিসাধন, কর্তব্যরত পুলিশের সরকারি কর্তব্য পালনে বাধাদান, ইচ্ছাকৃত আঘাতদান ও হত্যার নিমিত্ত হামলা করিয়া গুরুতর জখম, ককটেল ও পেট্রোল বোমা বিস্ফোরণ ঘটাইয়া জনগণের আতংক ভীতির সঞ্চার ও সন্ত্রাসী কার্যকলাপ পরিচালনা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০১—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-৪৭(২)২০১৪, তারিখ-২১-০২-২০১৪ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৬(২)৮/৯/১৩। গত ২১-০২-২০১৪ খ্রি: তারিখে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর বাংলাদেশের সক্রিয় সদস্য হইয়া অপরাধ সংগঠনের জন্য সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে সরকারের বিরুদ্ধে বিভিন্ন ধরনের ভ্রান্তিমূলক তথ্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট, মুদ্রণ, প্রচার ও সহায়তা করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০২—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-৫৫(৫)২০১৪, তারিখ-২৩-০৫-২০১৪ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯/১০/১২/১৩। গত ২৩-০৫-২০১৪ খ্রি: তারিখে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিজবুত তাহরীর বাংলাদেশের সক্রিয় সদস্য হইয়া অপরাধ সংগঠনের জন্য সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে সরকারের বিরুদ্ধে বিভিন্ন ধরনের ভ্রান্তিমূলক তথ্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট, মুদ্রণ, প্রচার ও সহায়তা করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০৩—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-৫৭(৫)২০১৪, তারিখ-২৪-০৫-২০১৪ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২)এর ৮/৯/১০/১৩। গত ২৪-০৫-২০১৪ খ্রি: তারিখে গ্রেফতারকৃত আসামী নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিজবুত তাহরীর বাংলাদেশের সক্রিয় সদস্য হইয়া অপরাধ সংগঠনের জন্য সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে সরকারের বিরুদ্ধে বিভিন্ন ধরনের ভ্রান্তিমূলক তথ্য সম্বলিত বই হেফাজতে রাখার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০৪—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-২৮(৫)২০১৪, তারিখ-১২-০৫-২০১৪ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২)এর ৬(১)(ক)৭/১০/১২। গত ১২-০৫-২০১৪ খ্রি: তারিখে সন্ত্রাসী কার্য তথা জননিরাপত্তা বিপন্ন করার জন্য বিস্ফোরক ও দাহ্য পদার্থ হেফাজতে রাখিয়া অপরাধমূলক কর্মকান্ডের উদ্দেশ্যে অপরাধের ষড়যন্ত্র, অর্থায়ন, প্রস্তুতি ও সহায়তা করিবার অপরাধে জড়িত। তাদের নিকট হতে পেট্রোল, কাচের বোতল, ফসফেট ও নগদ টাকা জব্দ তালিকা মূলে জব্দ করা হয়। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০৫—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-২০(০৭)২০১৪, তারিখ-০৮-০৭-২০১৪ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯/১০/১২/১৩। গত ০৮-০৭-২০১৪ খ্রি: তারিখে গ্রেফতারকৃত আসামী নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর সক্রিয় সদস্য হইয়া অপরাধ সংগঠনের জন্য সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে সরকার বিরোধী বিভিন্ন ধরনের ভ্রান্তমূলক তথ্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট ও পোস্টার মুদ্রণ ও প্রচার করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-২০৬—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-৪৮(১১)২০১২, তারিখ-২৪-১১-২০১২ খ্রি: ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯/১০/১৩। গত ২৪-১১-২০১২ খ্রি: তারিখে হিযবুত তাহরীর কিছু সদস্য অপরাধ সংগঠনের জন্য সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে সরকারের বিরোধী বিভিন্ন ধরনের ভ্রান্তমূলক তথ্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট ও পোস্টার মুদ্রণ ও প্রচার করিবার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহ্মিনা বেগম**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৪/১৪ মে ২০১৭

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৭.১১-৯৮**—যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, লালমনিরহাট (সাবেক জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ০৯-০৬-২০১১ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-১৭/২০১১/৩০৫ নং প্রজ্ঞাপনে ০২ (দুই)টি বার্ষিক বর্ধিত বেতন স্থগিত রাখার লঘু দণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উক্ত দণ্ডের বিরুদ্ধে তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইবুনালে এটি-১/২০১২ মামলা রুজু করেন এবং উক্ত মামলায় বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক ০৯-০১-২০১৪ তারিখের রায়ে উক্ত দণ্ড কমিয়ে "তিরস্কার" দণ্ড প্রদান করা হয়;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত রায় অনুযায়ী জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, লালমনিরহাট (সাবেক জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট)-এর দণ্ড কমিয়ে তাকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.০০৬.১৬-১১৬**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | কৌরবালী | ২১৫ | নগরকান্দা | ফরিদপুর |
| (২) | চাড়াভিটা | ১০১ | ভাঙ্গা | ফরিদপুর |
| (৩) | মুকসুদপুর | ১৩ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (৪) | ধরেন্দা | ৪৪ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (৫) | দুয়ারীডাঙ্গা | ৬৬ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (৬) | কৃষ্ণপুর ভ্রমরবিলা | ৭৫ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (৭) | কাশাতলী | ৭৮ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৮) | গুয়াখোলা | ৮২ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৯) | টুঙ্গিপাড়া | ২৮ | টুঙ্গিপাড়া | গোপালগঞ্জ |
| (১০) | সরইকান্দি | ১০৩ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১১) | শিরখাড়া | ০৫ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| (১২) | জয় নারায়নসার হাউলী | ১৫২ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| (১৩) | পূর্বমাদ্রা | ১৫৬ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| (১৪) | চর গুপ্তের কান্দা | ২০ | শিবচর | মাদারীপুর |
| (১৫) | উত্তর ঠেঙ্গামারা | ৮২ | কালকিনি | মাদারীপুর |
| (১৬) | আলিপুর | ১১০ | কালকিনি | মাদারীপুর |
| (১৭) | ধামসী | ৪৮ | শরীয়তপুর সদর | শরীয়তপুর |
| (১৮) | বাইশরশি | ৬৬ | শরীয়তপুর সদর | শরীয়তপুর |
| (১৯) | কোয়ারাগ | ৪১ | নড়িয়া | শরীয়তপুর |
| (২০) | গোয়াল বাথান | ১১৪ | নড়িয়া | শরীয়তপুর |
| (২১) | সাহেবের চর | ১০১ | নড়িয়া | শরীয়তপুর |
| (২২) | চর জাজিরা | ১০২ | নড়িয়া | শরীয়তপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।